

জাত পরিচিতি

বিআর৪ একটি আমন ধানের জাত। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইআর২০ এবং আইআর৫-১১৪-৩-১ -এর মধ্যে সঙ্করায়ণ করে ১৯৭৫ সালে বিআর৪ উদ্ভাবন করেছে। জাতটির জনপ্রিয় নাম ব্রিশাইল।



বিআর৪

জাতের বৈশিষ্ট্য

- ▶ এটি একটি আলোক সংবেদনশীল জাত।
- ▶ বিআর৪-এর উচ্চতা ১২৫ সেন্টিমিটার।
- ▶ চাল মাঝারি মোটা ও সাদা।

জীবনকাল

জীবনকাল ১৪৫ দিন। তবে আলোক-সংবেদনশীল বিধায় এর প্রকৃত জীবনকাল বপন ও রোপণের সময়ের উপরই নির্ভরশীল।

ফলন

এর ফলন হেক্টর প্রতি ৫ টন।

১৯৭৬ সালে আন্তর্জাতিক ফলন প্রতিযোগিতায়
বিআর৪ প্রথম স্থান অধিকার করে।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন : ১-৩০ আষাঢ় (১৫ জুন-১৪ জুলাই)
২. চারার বয়স : ৩০-৩৫ দিন।
৩. রোপণের সময় : বিআর৪-এর বীজ বপনের সবচাইতে ভাল সময় হলো আষাঢ় মাস। এসময় বীজ বপন করলে শ্রাবণের মাঝামাঝি থেকে শেষ পর্যন্ত চারা রোপণ করা যায় এবং কার্তিকের ২য়-৩য় সপ্তাহ নাগাদ ফুল ফোটে।
৪. চারা রোপণ : গোছা প্রতি ২-৩ টি সুস্থ চারা রোপণ করতে হবে।
৫. রোপণ দূরত্ব : ২৫ X ১৫ সেন্টিমিটার।
৬. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

৬.১	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	জিংক
	২৪	১৩	৯	৮	১.৫
- ৬.২ ইউরিয়া সার সমান ৩ কিলোগ্রাম জমি তৈরির শেষ পর্যায়ে, চারা রোপণের ২০-২৫ এবং ৫৫ দিন পর প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া উপরি প্রয়োগ করা উত্তম।
৭. আগাছা দমন : রোপণের পর ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখা আবশ্যিক।
৮. সেচ ব্যবস্থাপনা : ধানের চাল শক্ত হওয়া পর্যন্ত প্রয়োজনে সম্পূর্ণক সেচ দিতে হবে।
৯. রোপবলাই দমন : বিআর৪ পাতাপোড়া রোগ মধ্যম প্রতিরোধশীল। কীটপতঙ্গ ও বলাই দমনে অনুমোদিত পদ্ধতি অনুসরণ করা যেতে পারে।
১০. ফসল কাটা : ১০-১৫ অগ্রহায়ণ (২৪-৩০ নভেম্বর)।

আরো তথ্যের জন্য :
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইল: dr@bri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২
ফসল পীঠ ২৯